

বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
বাকুবি চত্বর, ময়মনসিংহ-২২০২।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থ বছরে অনুন্নয়ন ও বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নাধীন বিনা'র প্রকল্প/কর্মসূচিসমূহের উপর গত ২৪-০৪-২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি (মার্চ, ২০১৯ পর্যন্ত) পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভার তারিখ : ২৪-০৪-২০১৯ খ্রি.
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, বিনা, ময়মনসিংহ
সভাপতি : ড. মোঃ আজগার আলী সরকার
পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ), বিনা, ময়মনসিংহ।

উপস্থিত কর্মকর্তাবৃন্দঃ পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে শাখা প্রধান, পরিকল্পনা ও উন্নয়ন কোষ এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

২। আলোচনাঃ

আলোচ্য বিষয়-২.১: রাজস্ব অনুন্নয়ন বাজেটের মার্চ, ২০১৯ পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।

২০১৮-১৯ অর্থ বছরে রাজস্ব বাজেটের অনুকূলে ৪১.৮৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩১.২৩ কোটি টাকা। মার্চ ২০১৯ পর্যন্ত ব্যয় ২৭.২৪ কোটি টাকা, যা ছাড়কৃত অর্থের ৮৭.২২% এবং বরাদ্দকৃত অর্থের ৬৫.০৬%।

আলোচ্য বিষয়-২.২: বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রকল্পের মার্চ, ২০১৯ পর্যন্ত সময়ের আর্থিক এবং বাস্তব অগ্রগতি পর্যালোচনা।

২০১৮-১৯ অর্থবছরে বাস্তবায়নাধীন “পরমাণু কৃষি গবেষণার মাধ্যমে জলবায়ু পরিবর্তন সহনশীল জাত/প্রযুক্তি উদ্ভাবন ও বিভিন্ন পরিবেশ অঞ্চলে অভিযোজন-২য় পর্যায়” প্রকল্পের অনুকূলে ১০০.০০ লক্ষ টাকা (রাজস্ব-৯৫.০০ লক্ষ এবং মূলধন ৫.০০ লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। ৩য় কিস্তিতে ৫০.০০ লক্ষ টাকা অর্থ ছাড়ের প্রস্তাব করা হয়েছে। মার্চ, ২০১৯ পর্যন্ত ব্যয় ৯৩.৮৯ লক্ষ টাকা, যা ছাড়কৃত অর্থের ৯৩.৮৯%।

আলোচ্য বিষয়-২.৩: রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচির মার্চ, ২০১৯ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২.৩.১ “পুষ্টি নিরাপত্তার লক্ষ্যে কৃষিতান্ত্রিক ব্যবস্থাপনার মাধ্যমে ডাল, তেলবীজ এবং দানা জাতীয় ফসলের উচ্চ ফলনশীল এবং প্রতিকূলতা সহনশীল জাত উদ্ভাবন” কর্মসূচির ২০১৮-১৯ অর্থ বছরে মোট বরাদ্দ ৬৭.০০ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ৩৩.৫০ লক্ষ টাকা। মার্চ, ২০১৯ মাস পর্যন্ত ব্যয় ৩৩.৫০ লক্ষ টাকা যা, বরাদ্দকৃত অর্থের ৫০.০০% এবং ছাড়কৃত অর্থের ১০০%।

২.৩.২ “পরিবর্তিত আবহাওয়া উপযোগী বিভিন্ন ফসল ও ফলের জাত উন্নয়ন” কর্মসূচির ২০১৮-১৯ অর্থ বছরে মোট বরাদ্দ ২২২.৫০ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১১১.২৫ লক্ষ টাকা। মার্চ, ২০১৯ মাস পর্যন্ত ব্যয় ১১০.৩২ লক্ষ টাকা যা, বরাদ্দকৃত অর্থের ৪৯.৫৮% এবং ছাড়কৃত অর্থের ৯৯.১৬%।


২.৩.৩ “হাওড়, চর, দক্ষিণাঞ্চল ও বরেন্দ্র এলাকার উপযোগী ফসলের জাত ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন এবং অভিযোজন” কর্মসূচির ২০১৮-১৯ অর্থ বছরে মোট বরাদ্দ ২০৫.০০ লক্ষ টাকা। ছাড়কৃত অর্থের পরিমাণ ১০২.৫০ লক্ষ টাকা। মার্চ, ২০১৯ মাস পর্যন্ত ব্যয় ১০২.৫০ লক্ষ টাকা যা, বরাদ্দকৃত অর্থের ৫০% এবং ছাড়কৃত অর্থের ১০০%।

ময়মনসিংহ

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্র.নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	এনএটিপি/পিবিআরজি প্রকল্পের আর্থিক ও গবেষণার অর্ধ-বার্ষিক অগ্রগতি প্রতিবেদন পরিচালক (গবেষণা) এর দপ্তর এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ প্রধান গবেষক
৩.২	ইনোভেশন সংক্রান্ত সকল প্রকল্পের আর্থিক ও গবেষণার অর্ধ-বার্ষিক অগ্রগতি প্রতিবেদন পরিচালক (গবেষণা) এর দপ্তর এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রেরণ করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ প্রধান গবেষক
৩.৩	মাগুরা উপকেন্দ্রের অফিস বিল্ডিং রং করা এবং কভার্ড থ্রেসিং ফ্লোরের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের গুরুত্ব বিবেচনা করে বাজেট প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে কাজ শুরু করতে হবে। এছাড়া, ওপেন থ্রেসিং ফ্লোর নতুনভাবে নির্মাণের ক্ষেত্রে জায়গা নির্বাচনের জন্য বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়।	নির্বাহী প্রকৌশলী/বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ
৩.৪	বাজারে প্রচলিত ফসলের হাইব্রিড জাতসমূহের উপযোগিতা যাচাই এবং জাপান-এর আঠালো জাতের ধান (স্টিকি রাইস) 'জ্যাপোনিকা' জাতসহ উচ্চ ফলনশীল ধানের অন্যান্য জাত দেশে সম্প্রসারণের উদ্যোগ বিষয়ক সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ/এআরইডি
৩.৫	তেল জাতীয় ফসলের উচ্চ ফলনশীল নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবনে গবেষণা কার্যক্রম আরও জোরদার করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ
৩.৬	উপকেন্দ্রের জন্য গঠিত অভ্যন্তরীণ অডিট কমিটির মাধ্যমে কর্মপরিকল্পনা অনুযায়ী আর্থিক খরচ সঠিকভাবে অডিট করে প্রতি সভায় কমপক্ষে ১টি উপকেন্দ্রের প্রতিবেদন উপস্থাপন করবেন।	সভাপতি, অডিট কমিটি
৩.৭	পরবর্তী প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সমাপ্ত প্রকল্পের IMED প্রতিবেদন জরুরীভাবে সম্পন্ন করে পরিকল্পনা ও উন্নয়ন শাখায় প্রদান করতে হবে।	পিডি, এসআরএসডি
৩.৮	প্রকল্প/কর্মসূচির অগ্রগতির পাশাপাশি প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী ফলাফল (Output) অর্জনে অধিক গুরুত্ব প্রদান করতে হবে।	সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ প্রধান গবেষক
৩.৯	অডিট সম্পর্কিত একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশিঃ ও পরিঃ)
৩.১০	ধানের বোরো মৌসুমের Cold tolerant জাত উদ্ভাবনে গবেষণা কার্যক্রম জোরদার করতে হবে।	বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ/বায়োটেকনোলজি বিভাগ

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ আজগার আলী সরকার)
পরিচালক (প্রশাঃ ও সাঃ সাঃ)